

## কুয়েতে(১৮-২০ সেপ্টেম্বর,২০১৭) অনুষ্ঠিত বাণিজ্য, আর্থিক,বিজ্ঞান ও প্রযুক্তিগত সহযোগিতার ভারত-কুয়েত মন্ত্রী পর্যায়ের কমিশনের তৃতীয় বৈঠক

১৮-২০ সেপ্টেম্বর ২০১৭ কুয়েতে অনুষ্ঠিত বাণিজ্য,আর্থিক,বিজ্ঞান ও প্রযুক্তিগত সহযোগিতার ভারত-কুয়েত মন্ত্রী পর্যায়ের তৃতীয় বৈঠকে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবর। কুয়েতের উপপ্রধানমন্ত্রী এবং অর্থমন্ত্রী মিঃ আনস খালেদ আল-শালেহ র আমন্ত্রণে এটাই প্রতিমন্ত্রীর প্রথম কুয়েত সফর।

ভারত এবং কুয়েতের সম্পর্ক নিয়মিত উচ্চস্তরীয় সফর দ্বারা প্রতিফলিত হয়। পারস্পরিক সুবিধালাভের এই সম্পর্ক বর্তমান সফর দ্বারা আরো প্রয়োজনীয় ধারাবাহিকভাবে সম্পৃকত করবে। যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বিস্তৃত রাজনৈতিক, বাণিজ্যিক,এনার্জি এবং ভারতীয় বংশোদ্ভূতদের সংক্রান্ত বিষয়।

কুয়েত ভারতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশীদার। যার পরিমাণ ২০১৬-১৭ সালে ৫.৯৫ ইউএস ডলার বিলিয়ন। ২০১৬-১৭ সালের হিসাবে কুয়েত ভারতের সপ্তম বৃহত্তম অপরিশোধিত তেলের সরবরাহকারী রাষ্ট্র। বহু ভারতীয় ইপিসি কোম্পানি বর্তমানে কুয়েতে ব্যবসা করছে। কুয়েতে বসবাসকারী নয় লক্ষেরও বেশি কর্মঠ ভারতীয় সেখানে কর্মরত। তাঁরা আশ্রয়দাতা রাষ্ট্রে উন্নয়নে ভূমিকা পালন করছে।

এই সফরে দ্বিপক্ষীয় সম্পর্কের সার্বিক দিক নিয়ে পর্যালোচনা হবে এবং ভবিষ্যত সহযোগিতার অগ্রাধিকারের রূপরেখা তৈরি করা হবে।

নয়াদিল্লি

১৫ সেপ্টেম্বর ২০১৭